MAR 19 2002

তারিখ ...... পৃষ্ঠা ...৬... কলাম ...২......

ভোরের কাগজ

# এবি ব্যাংকের সহযোগিতায় সানিডেল স্কুল ব্যাংকিং চালু

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক** : স্কুলের ছাত্রছাত্রীদের টাকা সঞ্চয়ে উদ্বুদ্ধ করতে প্রশংসনীয় উদ্যোগ গ্রহণ করেছে আরব বাংলাদেশ (এবি) ব্যাংক লিমিটেড। রাজধানীর ধানমণ্ডিতে অবস্থিত সানিডেল স্কুলে গতকাল এই 'স্কুল ব্যাংকিং' কার্যক্রমের উদ্বোধন করা হয়। স্কুল কর্তৃপক্ষের সহযোগিতা পেলে পর্যায়ক্রমে এই কার্যক্রম সারা দেশের স্কুলগুলোতে সম্প্রসারিত করা হবে। দেশে বাণিজ্যিক কোনো ব্যাংকের এ ধরনের কার্যক্রম এটাই প্রথম বলে জানা যায়।

'এখন সঞ্চয়, পরে ব্যয়' স্কুল ব্যাংকিঙের এই স্লোগানে উদ্বুদ্ধ হয়ে গতকাল সানিডেল স্কুলের প্রায় ২০০ জন ছাত্রছাত্রী তাদের একাউন্ট খুলেছে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে প্রাইভেটাইজেশন কমিশনের চেয়ারম্যান এনাম আহমেদ চৌধুরী বলেন, এবি ব্যাংকের এ ধরনের প্রশংসনীয় উদ্যোগ ছাত্রছাত্রীদের মাঝে সঞ্চয় করার অভ্যাসের বীজ বপনে সাহায্য করবে। তিনি বলেন, আমাদের দেশের মানুষের সঞ্চয় করার অভ্যাস নেই। যে কারণে পার্শ্ববর্তী দেশগুলোর তুলনায় আমাদের সেভিং ইনভেস্টমেন্ট অনুপাত খুব কম। এবি ব্যাংকের এ ধরনের কার্যক্রম তরুণ প্রজন্মের মধ্যে সঞ্চয়ের অভ্যাস গড়ে তুলবে বলে তিনি আশা প্রকাশ করেন।

অনুষ্ঠানে এবি ব্যাংকের যুগ্ম ব্যবস্থাপনা পরিচালক আবু হানিফ খান বলেন, ব্যবসায়িক দৃষ্টিকোণ থেকে নয় সামাজিক দায়বদ্ধতা থেকে এই স্কুল ব্যাংকিং প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

স্কুল ব্যাংকিঙের আওতায় সানিডেল স্কুলের ছাত্রছাত্রীরা কমপক্ষে ২০০ টাকা দিয়ে একাউন্ট খুলতে পারবে। এরপর প্রতি সপ্তাহে এবি ব্যাংকের কর্মকর্তারা স্কুলে এসে ছাত্রছাত্রীদের জমা দেওয়া টাকা গ্রহণ করবেন। এ ক্ষেত্রে ছাত্রছাত্রীরা শতকরা ৮ ভাগ হারে সুদ পাবে।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন এবি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক সি এম কয়েস সামী, সানিডেল স্কুলের অধ্যক্ষ তাজিন আহমেদ।